

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

কালিগঞ্জ শাখা, আজাদ মদীনা ভবন, কালীগঞ্জ, টঙ্গী রোড, ৪, কালীগঞ্জ, গাজীপুর।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক

## বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, দুলাল আচার্য্য, পিতা: দুর্গামোহন আচার্য্য, মাতা-রেখা রানী আচার্য্য, স্থায়ী ও বর্তমান ঠিকানা-গ্রাম- বালীগাও, পোষ্ট-বালীগাও, থানা-কালিগঞ্জ, জেলা-গাজীপুর, ব্যবসায়িক ঠিকানাঃ মেসার্স রাজধানী ফ্যাশন, মসজিদ রোড, কালীগঞ্জ বাজার, কালীগঞ্জ, গাজীপুর, স্থায়ী ঠিকানা : গ্রাম-বালীগাও, পোষ্ট-বালীগাও, থানা- কালিগঞ্জ, জেলা- গাজীপুর কর্তৃক ইউসিবি কালিগঞ্জ শাখা, আজাদ মদীনা ভবন, কালীগঞ্জ, টঙ্গী রোড, ৪ কালীগঞ্জ, গাজীপুর হইতে গৃহীত ঋণের জামানত হিসেবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিহসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রীকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রীকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১০-০২-২০১৯ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৪২,১২,৫৭৯.০৪ (বিয়ালি- শ লক্ষ বার হাজার পাঁচশত উনআশি টাকা চার পয়সা মাত্র) টাকা সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তপশীল ভুক্ত সম্পত্তিহসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উলে- খ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## বন্ধকী সম্পত্তিহসমূহের তফসিল

- ১। জিলা-গাজীপুর, থানা ও সাব রেজিস্ট্রি অফিস কালীগঞ্জ, জে.এল নং-সি.এস-৩৫০, এস.এ-৮১, আর.এস-৮১, মৌজা-বালীগাঁও, খতিয়ান নং-সি.এস-৮৮, এস.এ-১৩৮, আর.এস-৪১৪, দাগ নং-সি.এস ও এস.এ-৮৭০, আর.এস-১৭৮৩, আর.এস মিউটেশন (খারিজা) খতিয়ান নং-৪১৪/ কাত ও জোত নং-১৯৯৪, ভূমির পরিমাণ ৮.৭৫ ডিসিমাল এর মধ্য হতে ৪.০০ ডিসিমাল তদুপরিস্থিত। যাহার চৌহদ্দি : উত্তরে-রাস্তা, দক্ষিণে-নিজ, পূর্বে-নিজ ও পশ্চিমে-মৃত নিশিকান্ড আচার্য্য।
- ২। জিলা-গাজীপুর, থানা ও সাব রেজিস্ট্রি অফিস কালীগঞ্জ, জে.এল নং-সি.এস ও এস.এ-৩৪০, আর.এস-৭১, মৌজা-মুনসুরপুর, খতিয়ান নং-সি.এস-৭৮, এস.এ-১২৭, আর.এস-৯০, দাগ নং-সি.এস ও এস.এ-২০, আর.এস-৩৩, আর.এস মিউটেশন (খারিজা) খতিয়ান নং-১২৭/৯০/ কাত ও জোত নং-১২২০, ভূমির পরিমাণ ৮.৫০ ডিসিমাল তদুপরিস্থিত। যাহার চৌহদ্দি : উত্তরে-আজিজুল ও অন্যান্য, দক্ষিণে-নুর ও অন্যান্য, পূর্বে-সাহিদা বেগম ও পশ্চিমে-ওলিউল-াহ।

## নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৪/০৩/২০১৯ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কালিগঞ্জ শাখা, আজাদ মদীনা ভবন, কালীগঞ্জ, টঙ্গী রোড, ৪, কালীগঞ্জ, গাজীপুর-এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা

রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কালীগঞ্জ শাখা, আজাদ মদীনা ভবন, কালীগঞ্জ, টঙ্গী রোড, ৪, কালীগঞ্জ, গাজীপুর-এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল-নী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব, স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউসিবি, কালীগঞ্জ শাখা, আজাদ মদীনা ভবন, কালীগঞ্জ, টঙ্গী রোড, ৪, কালীগঞ্জ, গাজীপুর।